দৈনিক বাংলা



তারিখ ... ২০।১।৮০ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# স্বেচ্ছাশ্রমে দেশব্যাপী খাল খনন চলছে

মহামান্য রাষ্ট্রপতির আহবানে সাড়া দিয়ে খাদ্য উৎপাদন দ্বিগুণ করার লক্ষ্যে দেশের সর্বত্র খাল খনন ও পুনখননের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

রাজশাহী: রাজশাহী জেলার সিংড়াস্থ নাগর খাল পুনখননের কাজ পুরোদমে এগিয়ে চলছে। প্রায় ৪ মাইল দীর্ঘ এ খাল খননের কাজ সমাপ্ত হলে বোড়িয়া থেকে শুরু হয়ে সিংড়াস্থ আত্রাই নদীতে মিলিত হবে এবং প্রতি বছর খালের পার্শ্ববর্তী এলাকায় প্রায় দেড় লক্ষ মন খাদ্য শস্য উৎপাদন সম্ভব হবে। বর্তমানে এ এলাকায় খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ হচ্ছে প্রায় পঞ্চাশ হাজার মন।

নাটোর: এখানে উল্লেখ্য যে নাটোর মহকুমায় ধানেরায় ৭,৭০০ ফুট দীর্ঘ এবং চরতে বড়াইগ্রামে প্রায় ৫,৫০০ ফুট দীর্ঘ খাল খননের কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। এ খালখননের ফলে ধানেরায় ২০,০০০ মন ও চরতে বড়াইগ্রামে ১০,০০০ মন অতিরিক্ত খাদ্যশস্য উৎপাদন সম্ভব হবে।

কুমিল্লা: সদর দক্ষিণ মহকুমার চাপিতলী খাল খননের কাজ পুরোদমে এগিয়ে চলেছে। স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সর্বস্তরের ৩৮,৮৯৫ জন লোকের অংশ গ্রহণের ফলে এপর্যন্ত ৫,২৩,৩৬৩ ঘনফুট মাটি কাটা হয়েছে। সদর দক্ষিণ মহকুমার রহিতা উপখাল খননের কাজও প্রায় সমাপ্তির পথে। এ পর্যন্ত ১৪,২০০ জন লোক স্বেচ্ছাশ্রমে খাল খননের অংশগ্রহণের ফলে ২,১০,১০০ ঘনফুট মাটি কাটা হয়েছে।

মাদারীপুর: মরিচাকান্দি: স্বেচ্ছাশ্রমে সর্বস্তরের ৫১,৬৭২ জন লোকের অংশ গ্রহণের ফলে মরিচকান্দি খালে এ পর্যন্ত ৯,৮৪,৮৯৫ ঘনফুট মাটি কাটা হয়েছে। আজ পর্যন্ত বোয়ালিয়া ধনীইস্বরে খাল খননের জন্য প্রায় ১,২৬,৪৩৬ জন লোক অংশ গ্রহণ করে এবং ১২,০২,২০০ ঘনফুট মাটি কাটা হয়েছে। বেরলজুরী খাল খননের ৯৫,৫২২ জন লোক অংশগ্রহণ করে এবং এ পর্যন্ত ১৫,৬৪,৫৫৭ ঘনফুট মাটি কাটা হয়েছে।

কুমিল্লা: সদর দক্ষিণ মহকুমার মুরাদনগর থানার প্রায় দেড় মাইল দীর্ঘ খাল পুনখননের দ্বিতীয় পর্বের কাজ শুরু হয়েছে। এখানে গড়ে প্রতিদিন ৩৪০ জন লোক কাজে অংশগ্রহণ করে এবং এ পর্যন্ত ১,০১,০০০ ঘনফুট মাটি কাটা হয়েছে। খবর তথ্য বিবরণীর।